গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

ঢাকা, বুধবার ২৯ এপ্রিল ২০১৫, ১৬ বৈশাখ ১৪২২

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ফের সহিংসতা হলে যথাযথ ব্যবস্থা : সিটি কলেজ কেন্দ্রে ভোট প্রদানকালে প্রধানমন্ত্রী

২। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে আনিসুল হক, সাঈদ খোকন ও নাছির উদ্দিন বিজয়ী

৩। সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে ভোট হয়েছে : প্রধান নির্বাচন কমিশনার

৪। ভূমিকম্পে নিহতের সংখ্যা ১০ হাজার ছাড়াবে : নেপালের প্রধানমন্ত্রীর ধারনা

৫। বাংলাদেশের নাগরিকদের নেপাল ভ্রমণ না করার পরামর্শ সরকারের

৬। প্রকল্পভুক্তদের শিক্ষা ক্যাডারে স্থায়ীকরণ প্রশ্নে হাইকোর্টের রুল

৭। এবার ১ লাখ ১ হাজার ৭৫৮ বাংলাদেশি হজে যাবেন

৮। ফাইবার অপটিক কেবল নেটওয়ার্কে আসছে সব টেলিফোন এক্সচেঞ্জ

৯। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোয়া কোটি টাকার বিদেশি মুদ্রা ও সোনা উদ্ধার

১০। ভয়াল ২৯ এপ্রিল আজ

চলমান পাতা/২

১। ফের সহিংসতা হলে যথাযথ ব্যবস্থা : সিটি কলেজ কেন্দ্রে ভোট প্রদানকালে প্রধানমন্ত্রী

আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিএনপি-জামায়াত যদি দেশে আবারো সহিংসতা শুরু করে তাহলে আইনশৃঙ্খলা বাহিনী যথাযথ ব্যবস্থা নেবে। কারণ জনগণের জানমাল রক্ষা করা সরকারের দায়িত্ব। জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে প্রয়োজনীয় সবকিছুই করা হবে। জনগণের জীবন নিয়ে কাউকে ছিনিমিনি খেলতে দেয়া হবে না। তিনি জ্বালাও-পোড়াও এবং ধ্বংসাত্মক রাজনীতি পরিহার করে গণতন্ত্রের পথে আসতে ও জনগণের পাশে দাঁড়াতে বিএনপির প্রতি আহ্বান জানান। গতকাল ২৮ এপ্রিল মঙ্গলবার প্রধানমন্ত্রী রাজধানীর ধানমন্ডির ২ নম্বর রোডে অবস্থিত ঢাকা সিটি কলেজ কেন্দ্রে ভোট প্রদানকালে এসব কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৬), প্রথম আলো (পৃ.২,ক.২), যুগান্তর (শেষ পৃ.,ক.১), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৬) নিউজ টুডে (পৃ.১,ক.১)।

২। তিন সিটি কর্পোরেশন নির্বাচনে আনিসুল হক, সাঈদ খোকন ও নাছির উদ্দিন বিজয়ী

তিন সিটি কর্পোরেশন নির্বাচনে বিজয়ী হলেন আওয়ামী লীগ সমর্থিত মেয়র প্রার্থীরা। ঢাকা উত্তর সিটিতে আনিসুল হক, দক্ষিণে সাঈদ খোকন এবং চট্টগ্রামে আ জ ম নাছির উদ্দিন বিপুল ভোটে জয় নিশ্চত করেছেন। তিন সিটির মধ্যে এই প্রথম ঢাকা উত্তর ও দক্ষিণ সিটিতে দুই অভিভাবক পেলেন নগরবাসী। গতকাল ২৮ এপ্রিল মঙ্গলবার অনুষ্ঠিত এই নির্বাচনের মধ্যদিয়ে তিন সিটিতে ৩ জন মেয়র, ১৩৪ জন সাধারণ কাউন্সিলর এবং ৪৫ জন সংরক্ষিত নারী কাউন্সিলর নির্বাচিত হলেন। সূত্র-ইত্তেফাক, জনকণ্ঠ, সংবাদ, সমকাল, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান সহ অধিকাংশ দৈনিক এবিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে ভোট হয়েছে : প্রধান নির্বাচন কমিশনার

তিন সিটি কর্পোরেশনে অবাধ, সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে ভোট গ্রহণ শেষ হয়েছে বলে দাবি করেছেন প্রধান নির্বাচন কমিশনার কাজী রকিবউদ্দীন আহমদ। গতকাল ২৮ এপ্রিল মঙ্গলবার ভোট গ্রহণ শেষে সন্ধ্যা ৬টার দিকে নির্বাচন কমিশন সচিবালয়ে আনুষ্ঠানিক প্রেস ব্রিফিংয়ে এ দাবি করেন তিনি। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.৬), ইত্তেফাক (পৃ.১,ক.১), সমকাল (পৃ.১,ক.১), ডেইলি স্টার (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.১)।

৪। ভূমিকম্পে নিহতের সংখ্যা ১০ হাজার ছাড়াবে : নেপালের প্রধানমন্ত্রীর ধারনা

নেপালের ভূমিকম্পে নিহতের সংখ্যা ১০ হাজার ছাড়িয়ে যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন দেশটির প্রধানমন্ত্রী সুশীল কৈরালা। গতকাল ২৮ এপ্রিল মঙ্গলবার বার্তা সংস্থা রয়টার্সকে দেওয়া এক সাক্ষাৎকারে এ আশঙ্কা প্রকাশ করেছেন তিনি। এর পাশাপাশি ত্রাণ তৎপরতা জোরদার করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। এদিন তিনি বিদেশি সাহায্য দাতাদের কাছে তাঁবু ও ওষুধ সরবরাহের আবেদন জানান। নিহতদের স্মরণে তার সরকার তিন দিনের শোক ঘোষণা করেছে। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সংবাদ (শেষ পৃ.,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.৭), নিউজ টুডে (পৃ.১,ক.৮), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৩)।

৫। বাংলাদেশের নাগরিকদের নেপাল ভ্রমণ না করার পরামর্শ সরকারের

ভূমিকম্পে বিধ্বস্ত নেপালের পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত বাংলাদেশের নাগরিকদের সে দেশ ভ্রমণ না করার পরামর্শ দিয়েছে সরকার। গতকাল ২৮ এপ্রিল মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ পরামর্শ দেওয়া হয়। বিধ্বস্ত নেপালের পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত সরকার বাংলাদেশের নাগরিকদের সে দেশ ভ্রমণে নিরুৎসাহিত করেছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৬), নিউ এজ (শেষ পৃ.,ক.৮), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.১)।

৬। প্রকল্পভুক্তদের শিক্ষা ক্যাডারে স্থায়ীকরণ প্রশ্নে হাইকোর্টের রুল

কোনো পরীক্ষা ছাড়াই প্রকল্পভুক্ত ৯২ জন কর্মকর্তার চাকরি শিক্ষা ক্যাডারে স্থায়ীকরণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত ও প্রজ্ঞাপন জারি কেন বাতিল করা হবে না তা জানতে চেয়েছেন উচ্চ আদালত। গত বছরের ২৬ জুন প্রকল্পে নিয়োগকৃত ৯২ জন কর্মকর্তার চাকরি স্থায়ীকরণের প্রজ্ঞাপন জারি হয়। মন্ত্রণালয়ের এ আদেশের বিরুদ্ধে গত ১৩ এপ্রিল সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারপতি নাঈমা হায়দার এবং বিচারপতি মোস্তফা জামান ইসলামের দ্বৈত বেঞ্চে বাদী ঢাকা সরকারি টিচার্স ট্রেনিং কলেজের সহযোগী অধ্যাপক শেখ মোঃ রেজাউল করিম গং একটি রিট পিটিশন দাখিল করেন। বাদীর আবেদনের প্রেক্ষিতে গত ২৩ এপ্রিল আদালত উক্ত প্রজ্ঞাপনের এই আদেশ 'কেন বাতিল করা হবে না', এই মর্মে চার সপ্তাহের মধ্যে জবাব প্রদানে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও সংশ্লিষ্ট অপর দশ বিবাদীর বিরুদ্ধে রুল জারি করেন। সূত্র-ইত্তেফাক (পৃ.৩,ক.২)।

৭। এবার ১ লাখ ১ হাজার ৭৫৮ বাংলাদেশি হজে যাবেন

নিবন্ধনের বাইরে থাকায় এবার ৩০ হাজার লোক হজে যেতে পারবে না। এর মধ্যে প্রায় ১০ হাজার লোক টাকাও জমা দিয়েছেন। বাংলাদেশের কোটা অনুযায়ী ১ লাখ ১ হাজার ৭৫৮ জনকে এবার হজ পালনে সৌদি আরব পাঠানো হবে। তবে টাকা জমা দেয়া মুসল্লিদের আগামী বছর অগ্রাধিকার ভিত্তিতে হজে পাঠানো হবে বলে ধর্ম মন্ত্রণালয় সূত্র জানিয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.৬)।

৮। ফাইবার অপটিক কেবল নেটওয়ার্কে আসছে সব টেলিফোন এক্সচেঞ্জ

ফাইবার অপটিক কেবল নেটওয়ার্কের আওতায় আনা হচ্ছে দেশের সব টেলিফোন এক্সচেঞ্জ। প্রকল্পটি

বাস্তবায়ন করতে ব্যয় ধরা হয়েছে ১ হাজার ৮৬১ কোটি টাকা। গত বছরের আগস্টে প্রকল্পটির অনুমোদন দিয়েছে পরিকল্পনা মন্ত্রণালয়। নতুন এই প্রকল্পের মধ্যে থাকবে টেলিযোগাযোগ ব্যবস্থা শক্তিশালীকরণ ও এক্সচেঞ্জগুলোতে নতুন যন্ত্রপাতি স্থাপন। প্রকল্পটি ২০১৭ সালের জুনে শেষ হওয়ার কথা রয়েছে। প্রকল্পটি বাস্তবায়ন হলে দেশের গ্রাম পর্যায়ে ল্যান্ড টেলিফোন সেবা পৌঁছে যাবে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১৮,ক.২)।

৯। শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে সোয়া কোটি টাকার বিদেশি মুদ্রা ও সোনা উদ্ধার

শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বিভিন্ন দেশের মুদ্রাসহ এক ব্যক্তিকে আটক করেছে শুল্ক ও গোয়েন্দা বিভাগ। এ সময় আটক ওই ব্যক্তির কাছ থেকে ১ কোটি ২৫ লাখ ৪০ হাজার টাকা মূল্যের বিভিন্ন দেশের মুদ্রা উদ্ধার করা হয়েছে। ২৭ এপ্রিল সোমবার গভীর রাতে তাকে বিমানবন্দর থেকে আটক করা হয়। মালয়েশিয়া যাওয়ার সময় তাকে আটক করা হয়েছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.৩,ক.২), ইত্তেফাক (পৃ.৩,ক.৫), সমকাল (পৃ.১৭,ক.৪)।

১০। ভয়াল ২৯ এপ্রিল আজ

ভয়াল ২৯ এপ্রিল আজ। ১৯৯১ সালের এদিনে বাংলাদেশের উপকূলে আঘাত হানে প্রলয়ঙ্করী ঘূর্ণিঝড় ও জলোচ্ছ্বাস। যার আঘাতে মারা গেছেন প্রায় ১ লাখ ৪০ হাজার মানুষ। বেসরকারি হিসেবে এ সংখ্যা ৫ লাখ। ধ্বংস হয় সম্পদ, কর্মসংস্থান, গবাদিপশু ও ফসল। ঘূর্ণিঝড়ের পর এক মাসের মধ্যে এ প্রভাবে (ডায়রিয়াসহ নানা রোগে) মারা যায় আরো লক্ষাধিক মানুষ। সূত্র-ভোরের কাগজ (শেষ পৃ.,ক.৬), ইত্তেফাক (শেষ পৃ.,ক.৬), সংবাদ (শেষ পৃ.,ক.৬)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো: বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পয়লা বৈশাখে নারীদের প্রতি যে সহিংসতা হয়েছে এর জন্য দায়ীদের খুঁজে বের করে কঠোর শাস্তির দাবি;

খ. ইত্তেফাক: ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে সংঘটিত হওয়ায় সন্তোষ প্রকাশ করে এ নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে গণতন্ত্রের অভিযাত্রা অব্যাহত থাকবে এই প্রত্যাশা ব্যক্ত;

গ. জনকণ্ঠ : বান্দরবান বন বিভাগের দুটি ডিভিশনের সরকারিভাবে বনায়ন করা সংরক্ষিত বাগানের বহু মূল্যবান গাছ চোরাকারবারিরা কেটে নিয়ে গেছে এ খবরে উদ্বেগ প্রকাশ করে দেশের প্রাকৃতিক সম্পদকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে গাছ নিধনে দেশে যে আইন আছে সে আইনে অপরাধীদের শাস্তির ব্যবস্থা করার সুপারিশ;

ঘ. সংবাদ, ইনকিলাব, যায়যায়দিন: দেশের বিভিন্ন স্থানে আবারও ভূমিকম্প অনুভূত হওয়ায় তা আশংকাজনক উল্লেখ করে ভূমিকম্প সম্পর্কে মানুষের মধ্যে সচেতনতা সৃষ্টির পাশাপাশি ভূমিকম্প প্রতিরোধী ব্যবস্থা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ;

ঙ. ইনকিলাব: দেশে বস্তিবাসী মানুষের সংখ্যা ১৭ বছরে তিন গুণ বেড়েছে পত্রিকার এক রিপোর্টে তা প্রকাশিত হওয়ার কথা তুলে ধরে সরকারি খাস জমি উদ্ধার করে ভূমিহীনদের মধ্যে তা বণ্টন করতে সরকারকে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ;

চ. ডেইলি স্টার : ঢাকার অবশিষ্ট ৫৪টি পার্ক দখলের হাত থেকে রক্ষায় সিটি কর্পোরেশনকে যথোপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : জনসংখ্যা নিয়ন্ত্রণে রাখতে স্বল্প আয়ের লোকদের মাঝে পরিবার পরিকল্পনার সুফলগুলো ভালোভাবে প্রচারের ব্যবস্থা করার আহ্বান;

জ. ডেইলি সান : দেশব্যাপী ২৫০ জন ভুয়া ডাক্তার ভুয়া চিকিৎসা জনস্বাস্থ্যের জন্য হুমকি হওয়ায় এদের এ পেশা যে কোনো মূল্যে বন্ধের ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঝ. নিউ এজ : সরকারি সুযোগ সুবিধা প্রাপ্ত ৫৩টি বেসরকারি হাসপাতালে দরিদ্র রোগীদের জন্য চিকিৎসা সেবার তেমন সুযোগ না থাকার উল্লেখ করে এ ব্যাপারে কর্তৃপক্ষকে আইনি ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

ঞ. ফিনানসিয়াল এক্সপ্রেস : মেধাবী শিক্ষার্থীদের শিক্ষকতা পেশায় আগ্রহী করতে শিক্ষকদের জন্য কমপেনসেশন প্যাকেজ বৃদ্ধির ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

আমাদের সময় পত্রিকায় প্রকাশিত কলামে গণতান্ত্রিক বাংলাদেশ কায়েম করতে হলে দলমত নির্বিশেষে সব নাগরিকদের জন্য সমানাধিকার ও সমান সুযোগ নিশ্চিত করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত ‘দূরদর্শী নেতৃত্বের বিকল্প নেই’ শিরোনামের নিবন্ধে মোহাম্মদ বেলায়েত হোসেন একটি বলিষ্ঠ ও দূরদর্শী নেতৃত্বই গভীর রাজনৈতিক সংকট থেকে আমাদের বের করে নিয়ে আসতে পারবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারজানা/ফাহিমা/মরজিনা/সাঈদা/আসমা/২০১৫/৯.০০ ঘণ্টা